40

দৈনিক সংবাদ

তারিখ 24 NOV 1997
পৃষ্ঠা 2 কলাম 7

### এডাবের প্রতিক্রিয়া

## দুর্নীতি অব্যবস্থাপনাই উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি ব্যর্থতার জন্য দায়ী

উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির ব্যর্থতার জন্য এক শ্রেণীর সরকারি কর্মকর্তার স্বেচ্ছাচারিতা, অব্যবস্থাপনা ও দুর্নীতিকে দায়ী করেছে এডাব।

গতকাল 'সংবাদ'-এ প্রকাশিত খবর সম্পর্কে এক বিবৃতিতে এডাব বলেছে, যেসব তথাকথিত এনজিওকে এ কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত করা হয়েছে তাদের অধিকাংশই ভুয়া। এদের কোন প্রাতিষ্ঠানিক যোগ্যতাও নেই। এমনকি উপানুষ্ঠানিক শিক্ষার মত অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কার্যক্রম পরিচালনার কাজে এসব সংস্থাকে মনোনীত করার আগে তাদের যোগ্যতা সম্পর্কে এনজিওদের সমন্বয়কারী সংস্থা হিসেবে এডাবেরও কোন মতামত নেয়া হয়নি। তাছাড়া প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্যানুযায়ী অভিযুক্ত এনজিওদের মধ্যে মাত্র ৩টি ছাড়া বাকিগুলো এডাব-এর সদস্য নয়।

বিবৃতিতে এডাব জানায়, অভিযুক্ত এনজিওগুলোর অনিয়ম তদন্তের জন্য একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি আগামী ৪ সপ্তাহের মধ্যে এডাবের কার্যনির্বাহী পরিষদের কাছে চূড়ান্ত রিপোর্ট পেশ করবে।